



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
উপবৃত্তি শাখা  
ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



স্মারক নং- ৩৭.২৪.০০০০.০৩.০১৬.০০১.২৫-২৩০

তারিখ: ২৯ পৌষ ১৪৩১  
১৩ জানুয়ারি ২০২৫

**বিষয়: “শিক্ষা সহায়তা প্রকল্পে” মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদ্রাসা’র (৬ষ্ঠ-৯ম) শ্রেণির শিক্ষার্থী মনোনয়ন এবং নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য প্রেরণ।**

সূত্র: স্মারক নং ৩৭.২৪.০০০০.০০৩.৮৬.০০১.২০.৪৯; তারিখ: ০২ জানুয়ারি ২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রত্যন্ত অঞ্চলের নির্বাচিত উপজেলা সমূহের মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদ্রাসা’র ৬ষ্ঠ শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের “শিক্ষা সহায়তা প্রকল্প” এর মাধ্যমে “দূরন্ত” বাই সাইকেল বিতরণ করছে মর্মে জনাব মো: ফরহাদ সিদ্দিক, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), ইএসপি, পিএমইএটি কর্তৃক গত ০৩ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখে স্বাক্ষরিত একটি পত্র সূত্রস্থ স্মারকে জারি হয়েছে মর্মে দেখা যায়। উল্লেখ্য যে, জনাব মো: ফরহাদ সিদ্দিক, পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট **গত ১৪ নভেম্বর ২০২৪ তারিখে** ট্রাস্ট থেকে বদলী হয়ে অন্যত্র যোগদান করেছেন। তিনি বর্তমানে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে কর্মরত নেই। এছাড়া, ট্রাস্টের অধীনে শিক্ষা সহায়তা প্রকল্প (ইএসপি) নামে কোন প্রকল্প নেই। এ ধরনের কোন পত্র প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে জারি করা হয়নি এবং এ সংক্রান্ত কোন তথ্য চাওয়া হয়নি। পত্রে উল্লিখিত [hsp.pmeat@gmail.com](mailto:hsp.pmeat@gmail.com) অথবা [esp.md@pmeat.gov.bd](mailto:esp.md@pmeat.gov.bd) ই-মেইল নম্বর প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের নয়।

২। বর্ণিত অবস্থায়, এ বিষয়ে কোনরূপ কার্যক্রম গ্রহণ না করার জন্য অনুরোধ করা হলো।

  
স্মৃতি কর্মকার

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৫০০০৯২২

ই-মেইল: [md@pmeat.gov.bd](mailto:md@pmeat.gov.bd)

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার  
সকল উপজেলা/থানা

**অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
৬. সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. সংরক্ষণ নথি।